

যুগান্তর

প্রিন্ট: ২৬ এপ্রিল ২০২৬, ১০:৫৯ এএম

শিক্ষাঙ্গন

জবিতে ডকসু ও ছাত্রদের পাল্টাপাল্টা বিক্ষোভ



জবি প্রতিনিধি

প্রকাশ: ২৪ এপ্রিল ২০২৬, ০৫:২৫ এএম



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে পাল্টাপাল্টি বিক্ষোভ মিছিল করেছে জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় শিক্ষার্থী সংসদ (জকসু) ও জাতীয়তাবাদী ছাত্রদল।

বৃহস্পতিবার (২৩ এপ্রিল) ডাকসু নেতাদের ওপর হামলার প্রতিবাদে রাত পৌনে ১১ টায় বিক্ষোভ মিছিল করে জকসু। এর আগে জাইমা রহমানকে নিয়ে কুরুচিপূর্ণ মন্তব্যের প্রতিবাদে রাত ১০ টার দিকে মিছিল করে ছাত্রদল।

জকসুর মিছিলটি জগন্নাথ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস থেকে শুরু হয়ে বাহাদুর শাহ পার্ক প্রদক্ষিণ করে ক্যাম্পাসের প্রধান ফটকের সামনে এসে শেষ হয়। অপরদিকে ছাত্রদল ক্যাম্পাসের সামনে সড়কে বিক্ষোভ মিছিল করে।

মিছিল শেষে জকসুর জিএস আব্দুল আলিম আরিফ বলেন, নব্য ফ্যাসিস্ট স্বৈরাচার আমাদের মাঝে মাথাচাড়া দেওয়ার চেষ্টা করেছে। এই নব্য ফ্যাসিস্ট স্বৈরাচারকে বলে দিতে চাই আপনারা হাসিনার কাছ থেকে শিখুন, না হলে পালানোর রাস্তাও আপনারা পাবেন না।

জকসু ভিপি রিয়াজুল ইসলাম বলেন, ডাকসু নেতাদের ওপর হামলার ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছি। আমরা সরকার ও তার সন্ত্রাসী বাহিনী ছাত্রদলকে বলতে চাই, আপনারা সোজা হয়ে যান না হলে জনগণ ও শিক্ষার্থীরা আপনাদেরকে উচিত জবাব দিবে।

মিছিল শেষে শাখা ছাত্রদলের সদস্য সচিব শামসুল আরেফিন বলেন, কুরুচিপূর্ণ ও নোংরা আচরণের কোনো স্থান সভ্য সমাজে নেই। এ ধরনের কর্মকাণ্ড যারা করে, তারা কখনোই মানুষের আস্থা পাবে না।